মন্ত্রিপরিষদ বিভাগের এপ্রিল ২০১৯ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: **মন্ত্রিপরিষদ বিভাগ**

প্রতিবেদনাধীন মাসের নাম: **এপ্রিল ২০১৯** প্রতিবেদন প্রস্তুতের তারিখ: **১৯ মে ২০১৯**

(১) প্রশাসনিক:

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ**	৩৬৪	২৮৩	৮১
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন**	২,১৪৬	৮৬৩	১,২৩৮
মোট	২,৫১০	১,১৪৬	১,৩১৯

ক. ২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	১৭	২৭	২০	১৭	৮১
দুর্নীতি দমন কমিশন	-	-	৩৭৫	৩২৫	৩৬০	১৭৮	১,২৩৮*
মোট	-	-	৩৯২	৩৫২	৩৮০	১৯৫	১,৩১৯

* সুপারনিউমারারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	০	০	০	০	৬০	৬০	
দুর্নীতি দমন কমিশন	২	-	২	-	-	-	

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		প্রতিমন্ত্রী/উপমন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন (দিন)	-	-	-	-	০১। ০৫-০৬ এপ্রিল ২০১৯ মেয়াদে টাঙ্গাইল জেলা সফর। ০২। ১৭ এপ্রিল ২০১৯ তারিখ বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র আয়োজিত ৬৯তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন অনুষ্ঠানে যোগদান। ০৩। ১৯-২০ এপ্রিল ২০১৯ মেয়াদে কক্সবাজার জেলা সফর।	২৬-৩০ এপ্রিল ২০১৯ মেয়াদে জাতিসংঘ সদর দপ্তর ও বিশ্বব্যাংক সদর দপ্তরে আয়োজিত এটাচমেন্ট প্রোগ্রাম পর্যবেক্ষণের জন্য যুক্তরাষ্ট্র সফর।	-
উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন)	-	-	-	-	-	-	

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: নাই।

(২) আইনশৃঙ্খলা বিষয়ক : প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক : প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

প্রকল্পের নাম	বর্তমান অর্থবছরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)	প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার	প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা	প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
Social Security Policy Support (SSPS) Programme	ডিপিএ: ১১.৭৯ জিওবি: ০.১০ মোট: ১১.৮৯	৯.৬৮৬৭ (৮১.৪৭ শতাংশ)	-	-	-
Support to the Central Management Committee's (CMC) Policy Guidance on Child Component of the NSSS	ডিপিএ: ২.৪৩ জিওবি: ০.৫৭ মোটঃ ৩.০০	১.৫৮৪৭ (৫২.৮২ শতাংশ)	-	-	-
Technical Support for CRVS System Improvement in Bangladesh 2nd Phase	ডিপিএ: ৩.১৮ জিওবি: ০.৭০ মোট: ৩.৮৮	৩.১১ (৮০.১৫ শতাংশ)	-	-	-

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত :

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

(৫) উৎপাদন বিষয়ক : প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/সংস্থার নাম	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	ব্রডশিটে জবাবের সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	জের	মন্তব্য
মন্ত্রিপরিষদ বিভাগ	১৪টি	০.৩৯৫	-	-	৭টি	মন্ত্রিপরিষদ বিভাগের নিরীক্ষাকার্য ৩০ জুন/২০১৮ পর্যন্ত সম্পন্ন হয়। উক্ত নিরীক্ষায় ০৭টি অডিট আপত্তি দেওয়া হয়। আপত্তিগুলোর মধ্যে ০১টি আপত্তিতে ১৬,৫৬১ টাকা ভ্যাট ও আয়কর কম কর্তন করা হয় মর্মে উল্লেখ করা হয়। অবশিষ্ট ০৬টি আপত্তি পর্যবেক্ষণ সংশ্লিষ্ট। এছাড়া ০৭টি অডিট আপত্তি সংক্রান্ত একটি মামলা রয়েছে (মামলা নম্বর ৭/২০০০), যা ঢাকার ৪র্থ সহকারী জজ আদালতে বিচারাধীন।
বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকূলীয় দ্বীপাঞ্চল উন্নয়ন বোর্ড	১২টি	২৩২.০৩	-	-	১২টি	অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ অনুযায়ী আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারের কার্যালয়ে প্রেরণ করা হয়।
দুর্নীতি দমন কমিশন	০৪টি	৬৮৬.৭৭	০৪	-	০৪টি	-
মোট	**৩০টি**	**৯১৯.১৯৫**	**০৪**	**-**	**২৩টি**	**-**

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে-সব কেইসের তালিকা: **নেই।**

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থবছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
		চাকরিচ্যুতি /বরখাস্ত	অন্যান্য দণ্ড	অব্যাহতি		
১	২	৩	৪	৫	৬	৭
*মন্ত্রিপরিষদ বিভাগ-০১	-	-	-	-	১	-
দুর্নীতি দমন কমিশন-৬	-	-	১	-	৫	১৪
মোট= ৭	-	-	১	-	৬	১৪

*** প্রশাসনিক ট্রাইব্যুনাল/প্রশাসনিক আপিলেট ট্রাইব্যুনালে চলমান মামলার সকল নথি আইন-১ শাখায় স্থানান্তর করা হয়।**

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/ সংস্থা	ক্রম	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/ এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬
মন্ত্রিপরিষদ বিভাগ	১।	'Good Governance in Public Administration' শীর্ষক প্রশিক্ষণে অংশগ্রহণ স্থান: কানাডা	০১-০৭ এপ্রিল ২০১৯	মন্ত্রিপরিষদ বিভাগ	**ছয়জন** অতিরিক্ত সচিব-২জন যুগ্মসচিব-৪জন
	২।	জাতিসংঘ সদর দপ্তর ও বিশ্বব্যাংক সদর দপ্তরে আয়োজিত এটাচমেন্ট প্রোগ্রাম-এ অংশগ্রহণ। স্থান: মার্কিন যুক্তরাষ্ট্র	২৬-৩০ এপ্রিল ২০১৯	ক্যাপাসিটি ডেভেলপমেন্ট অফ দি কেবিনেট ডিভিশন এন্ড ফিল্ড এডমিনিস্ট্রেশন প্রকল্প, মন্ত্রিপরিষদ বিভাগ	**দুইজন** অতিরিক্ত সচিব-১জন যুগ্মসচিব-১জন
	৩।	জাতিসংঘ সদর দপ্তর ও বিশ্বব্যাংক সদর দপ্তরে আয়োজিত এটাচমেন্ট প্রোগ্রাম-এ অংশগ্রহণ স্থান: মার্কিন যুক্তরাষ্ট্র	২১-৩০ এপ্রিল ২০১৯৬	ক্যাপাসিটি ডেভেলপমেন্ট অফ দি কেবিনেট ডিভিশন এন্ড ফিল্ড এডমিনিস্ট্রেশন প্রকল্প, মন্ত্রিপরিষদ বিভাগ	**সাতজন** যুগ্মসচিব-১জন উপসচিব-৬জন সিনিয়র সহকারী সচিব-১জন
	৪।	'Advancing E-Government Development for SDG Implementation' শীর্ষক স্টাডি ভিজিট-এ অংশগ্রহণ স্থান: কোরিয়া	০১-৫ এপ্রিল ২০১৯	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	**একজন** উপসচিব
	৫।	'Strengthening Evaluation Capacity and knowledge Sharing on the Preparation of Project completion Reports' শীর্ষক সেমিনারে অংশগ্রহণ স্থান: থাইল্যান্ড	০৮-১১ এপ্রিল ২০১৯	এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক	**দুইজন** উপসচিব
দুর্নীতি দমন কমিশন	১।	কমিশনের অফিস সহায়ক ও নিরাপত্তারক্ষীদের প্রশিক্ষণ	০৩ এপ্রিল ২০১৯	দুর্নীতি দমন কমিশন	**সাঁইত্রিশজন**

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার তার বর্ণনা: ২০১৮-১৯ অর্থবছরে মন্ত্রিপরিষদ বিভাগের সকল কর্মকর্তা/কর্মচারীর জন্য বাৎসরিক ৬০ ঘন্টা অভ্যন্তরীণ প্রশিক্ষণ চলমান রয়েছে।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: প্রযোজ্য নয়।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: আঠার জন।

(১০) উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সংকট:

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) মন্ত্রিসভার তিনটি, সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ৪টি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির দুইটি, আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটি'র একটি, মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত ছয়টি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়।

(২) মন্ত্রিসভা-বৈঠকে ২০টি সিদ্ধান্ত গৃহীত হয়। ১১টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়। ০৯টি সিদ্ধান্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়নাধীন রয়েছে।

(৩) ২৮ মার্চ ২০১৯ তারিখ দুপুরে রাজধানীর বনানীতে অবস্থিত এফ আর টাওয়ারে ভয়াবহ অগ্নিদুর্ঘটনায় ২৬ জন নিহত এবং ১৩০ জন আহত হন। এ মর্মান্তিক অগ্নিদুর্ঘটনায় নিহতদের জন্য গভীর শোক ও দুঃখ প্রকাশ ও তাঁদের আত্মার মাগফেরাত কামনা করে, সকল নিহত ব্যক্তির শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানিয়ে এবং পরম করুণাময় আল্লাহতায়ালা যেন তাঁদেরকে শোক বহন করার ক্ষমতা প্রদান করেন ও আহত ব্যক্তিগণ যাতে দ্রুত আরোগ্য লাভ করেন, সে প্রার্থনা করে মন্ত্রিসভার ০১ এপ্রিল ২০১৯ তারিখের বৈঠকে গৃহীত একটি প্রস্তাব ০২ এপ্রিল ২০১৯ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(৪) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২১ এপ্রিল ২০১৯ তারিখ দ্বিপাক্ষিক সরকারি সফরে ব্রুনাই দারুস্সালামের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন। মাননীয় প্রধানমন্ত্রীর প্রস্থানকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।

(৫) ২১ এপ্রিল ২০১৯ তারিখে শ্রীলংকায় সংঘটিত সন্ত্রাসী সিরিজ বোমা হামলায় একাদশ জাতীয় সংসদের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি এবং বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য শেখ ফজলুল করিম সেলিম এম.পি'র আট বছর বয়সী দৌহিত্র জায়ান চৌধুরী কলম্বোর শাংরি-লা হোটেলের রেস্তোরাঁয় নাস্তা গ্রহণকালে নিহত হন এবং জায়ানের পিতা জনাব মশিউল হক চৌধুরী মারাত্মকভাবে আহত হন। জায়ানের অকালমৃত্যুতে গভীর শোক প্রকাশ ও তাঁর রুহের মাগফেরাত কামনা করে, তাঁর শোকসন্তপ্ত পরিবারের সকল সদস্যের প্রতি গভীর সমবেদনা জানিয়ে এবং পরম করুণাময় আল্লাহতায়ালা যেন তাঁদেরকে শোক বহন করার ক্ষমতা প্রদান করেন সে প্রার্থনা ও জায়ানের পিতার দ্রুত আরোগ্য কামনা করে মন্ত্রিসভার ২৯ এপ্রিল ২০১৯ তারিখের বৈঠকে গৃহীত একটি প্রস্তাব ৩০ এপ্রিল ২০১৯ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(৬) ২১ এপ্রিল ২০১৯ তারিখে স্থানীয় সময় আনুমানিক সকাল ৮.৪৫ মিনিটে শ্রীলংকার রাজধানী কলম্বোসহ পার্শ্ববর্তী শহরতলী এলাকায় আটটি স্থানে সংঘটিত সন্ত্রাসী সিরিজ বোমা হামলায় ২৫৩ জন নিহত এবং ৫০০ জন আহত হন। এ অমানবিক ও ন্যাক্কারজনক ঘটনায় বিশ্বের শান্তিকামী মানুষ ও বিশ্বনেতৃবৃন্দের সঙ্গে একাত্ম হয়ে গভীর শোক ও দুঃখ প্রকাশ করে, বাংলাদেশ সরকার ও জনগণের পক্ষে এ সন্ত্রাসী ও নারকীয় হামলার বিরুদ্ধে তীব্র নিন্দা জ্ঞাপন করে, হামলায় নিহত ব্যক্তিগণের আত্মার শান্তি কামনাসহ তাঁদের শোকসন্তপ্ত পরিবারের সকল সদস্যের প্রতি গভীর সমবেদনা, আন্তরিক সহমর্মিতা ও সুদৃঢ় সংহতি প্রকাশ করে, আহত ব্যক্তিবর্গের সুচিকিৎসা ও দ্রুত আরোগ্য কামনা

করে এবং এই মর্মান্তিক সিরিজ বোমা হামলার ঘটনায় শ্রীলংকার সরকার ও জনগণের পাশে থাকার অঙ্গীকার ব্যক্ত করে মন্ত্রিসভার ২৯ এপ্রিল ২০১৯ তারিখের বৈঠকে গৃহীত একটি প্রস্তাব ৩০ এপ্রিল ২০১৯ তারিখে প্রজ্ঞাপন মারফত বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(৭) প্রতিবেদনাধীন মাসে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় কমিটি; বাংলাদেশ পরিকল্পনা কমিশন; জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি); বিদেশে অবস্থানরত আসামীদের (বাংলাদেশের নাগরিক)-কে বিচারার্থে ও দণ্ডদানার্থে বাংলাদেশে আনয়নের বিষয়ে পর্যালোচনা ও এ সম্পর্কে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নিমিত্ত টাস্কফোর্স; জাতীয় শিল্প উন্নয়ন পরিষদের নির্বাহী কমিটি (ECNCID) এবং দেশে সুষ্ঠু শিল্পায়নে সহায়তা প্রদানের লক্ষ্যে সার্বিক দিক-নির্দেশনা কমিটিসমূহ গঠন করে প্রজ্ঞাপন জারি করা হয়।

(৮) সকল মন্ত্রণালয়/বিভাগে GRS সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়।

(৯) তথ্য অধিদপ্তর থেকে প্রাপ্ত পেপার কাটিংসমূহের মধ্যে গুরুত্বপূর্ণ কাটিংগুলি ২৭টি পত্রের মাধ্যমে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করা হয়।

(১০) ১৯৯১ সালে অনুষ্ঠিত মন্ত্রিপরিষদ/উপদেষ্টা পরিষদ/মন্ত্রিসভা বৈঠকের কার্যবিবরণীসহ সারসংক্ষেপ ও বিজ্ঞপ্তিসমূহের মোট ২০ খণ্ড রেকর্ড বই আকারে বাঁধাই করে বিজি প্রেস থেকে নিয়ে আসা হয়।

(১১) ১৬ এপ্রিল ২০১৯ তারিখে ৩টি মন্ত্রণালয়/বিভাগের (জনপ্রশাসন মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয় ও সমাজকল্যাণ মন্ত্রণালয়) সিটিজেন্‌স চার্টার পুননিরীক্ষণের নিমিত্ত সংশোধনে/প্রশিক্ষণ আয়োজন করা হয়।

(১২) Open CRVS প্রকল্পের পাইলট প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত সমঝোতা স্মারক স্বাক্ষর সংক্রান্ত সভা আয়োজন করা হয়।

(১৩) Child Sensitive Social Protection-এর Annual Performance Agreement (APA) পর্যালোচনা সংক্রান্ত একাধিক সভা আয়োজন করা হয়।

(১৪) সামাজিক নিরাপত্তা সংক্রান্ত জেন্ডার ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের অংশগ্রহণে জেন্ডার কর্মপরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত একটি ওয়ার্কশপ আয়োজন করা হয়।

(১৫) মাঠপ্রশাসনের কর্মকর্তাগণের জন্য 'জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল ও শিশু কেন্দ্রিক সামাজিক নিরাপত্তা' সংক্রান্ত তিন দিনব্যাপী প্রশিক্ষণ আয়োজন করা হয়।

(১৬) সামাজিক নিরাপত্তা (ব্যবস্থাপনা) আইন, ২০১৯-এর খসড়া প্রণয়ন সংক্রান্ত একাধিক সভা আয়োজন করা হয়।

(১৭) সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটির ১৩-তম সভা আয়োজন করা হয়।

(১৮) 'Support to the Central Management Committee's (CMC) Policy Guidance on Child Component of the NSSS' শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের Project Steering Committee (PSC)-এর সভা আয়োজন করা হয়।

(১৯) ১৬ এপ্রিল ২০১৯ তারিখ মঙ্গলবার অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, পরিসংখ্যান ও তথ্য বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, অর্থ বিভাগ, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, পরিকল্পনা বিভাগ এবং আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহের নাগরিক-সেবা উদ্ভাবনী কার্যক্রমের অগ্রগতিবিষয়ক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়।

(২০) ২৩ ও ২৫ এপ্রিল ২০১৯ তারিখ অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি/সার্বিক)- এর জন্য বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা নির্ধারণ ও উদ্ভাবন বিষয়ে অবহিতকরণ কর্মশালা অনুষ্ঠিত হয়।

(২১) উদ্ভাবনসহ সংস্কার কার্যক্রমকে আরও গতিশীল করার লক্ষ্যে সকল সিনিয়র সচিব/সচিবকে নির্দেশনা প্রদান করে মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের আধা-সরকারি পত্র প্রেরণ করা হয়।

(২২) Integrated Reforms Management Project (IRMP) শীর্ষক প্রকল্পের বৈদেশিক সহায়তা প্রাপ্তির নীতিগত অনুমোদনের জন্য প্রাথমিক উন্নয়ন প্রকল্প ছক সচিব, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ ও সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ বরাবর প্রেরণ করা হয়।

(২৩) ইনফরমেশন এক্সচেঞ্জ ম্যানেজমেন্ট সিস্টেম ব্যবহার করে এফসিআর প্রেরণ এবং প্রস্তুতসংক্রান্ত কাজে বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসক-এর কার্যালয় এবং এ বিভাগের মাঠপ্রশাসন সংযোগ অধিশাখায় প্রযুক্তিগত সহায়তা প্রদান করা হয়।

(২৪) মন্ত্রণালয়/বিভাগ এর ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানের প্রস্তুতিমূলক সভা আয়োজন করা হয়।

(২৫) মন্ত্রণালয়/বিভাগসমূহের ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সংশোধন প্রস্তাবসমূহ কারিগরি কমিটির সভায় উপস্থাপন করা হয়।

(২৬) মন্ত্রণালয়/বিভাগসমূহের ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সমন্বিত অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি বাস্তবায়ন সংক্রান্ত জাতীয় কমিটির সভায় উপস্থাপন করা হয়।

(২৭) ১১ এপ্রিল ২০১৯ তারিখে জাতীয় শুদ্ধাচার কৌশল, সুশাসন ও তথ্য অধিকার সংক্রান্ত টেলিভিশন অনুষ্ঠান নির্মাণ বিষয়ক পত্র প্রকল্প পরিচালক, Human Development Television Programmes (HDTV), বাংলাদেশ টেলিভিশন বরাবর প্রেরণ করা হয়।

(২৮) দুর্যোগ প্রতিরোধে দুর্যোগ ব্যবস্থাপনা আইন, ২০১২ ও বিধির প্রতিপালন সংক্রান্ত দুর্যোগ প্রতিরোধ ও প্রতিকার ব্যবস্থাপনা গতিশীল করার লক্ষ্যে সংশ্লিষ্ট আইন ও বিধির প্রতিপালনে কমিটিসমূহকে আরও কার্যকর করার জন্য সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ এবং গৃহীত ব্যবস্থা সংশিষ্ট ওয়েব পোর্টালে আপগ্রেডপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিতকরণের জন্য সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ; সকল বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৯) হবিগঞ্জ জেলার বাহুবল উপজেলার উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ জসীম উদ্দিন এবং উপজেলা প্রকৌশলী জনাব গোলাম মোঃ মহিউদ্দিনের মধ্যে সৃষ্ট অপ্রীতিকর ঘটনার তদন্ত প্রতিবেদনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ; সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়; সকল বিভাগীয় কমিশনার এবং সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩০) খুলনা জেলাধীন রাষ্ট্রায়ত্ত পাটকলসমূহের শ্রম পরিস্থিতি সংক্রান্ত প্রতিবেদনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, জননিরাপত্তা বিভাগ; সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩১) মোবাইল কোর্টের প্রমাপ অর্জন সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক, বগুড়া এবং জেলা প্রশাসক, শেরপুর বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩২) মিয়ানমারস্থ মংডু জেলাধীন বুড়িচং থানা এলাকায় কয়েকটি গ্রামে অবস্থানরত রোহিঙ্গাদের নতুন করে বাস্তুচ্যুত হয়ে বাংলাদেশে অবৈধ অনুপ্রবেশ করার সম্ভাবনা সংক্রান্ত বিশেষ প্রতিবেদন সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৩) দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী এপ্রিল ২০১৯ মাসে সরকারি কর্মকর্তা/কর্মচারীদের মামলায় ০৭ জনের বিরুদ্ধে অভিযোগপত্র দাখিল করা হয়েছে এবং ৮২ জনের বিষয়ে অনুসন্ধানে নথিভুক্তির মাধ্যমে নিষ্পত্তি করা হয়। উপরোল্লিখিত বিষয়ে অবগত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংল্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়।

(৩৪) বিভিন্ন আইনে ২১৫ জন কর্মকর্তাকে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট-এর ক্ষমতা এবং মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা/ডেপুটি কমিশনারের ক্ষমতা অর্পণ করা হয়।

(৩৫) দুর্নীতি দমন কমিশনে একজন কর্মকর্তাকে উপপরিচালক পদে যোগদানের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হয়।

(৩৬) জেলা প্রশাসক মুন্সিগঞ্জকে 'TheTraining Program on Best practice of Governance and Strategy Management for Accountability' প্রশিক্ষণ থেকে অব্যাহিত প্রদান করা হয়।

(৩৭) মাঠপ্রশাসনে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের ০৬ জন কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেছে। পূর্বে প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে ০৫টি অভিযোগের বিষয়ে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত না হওয়ায় নথিজাত করে জনপ্রশাসন মন্ত্রণালয়কে জানিয়ে দেওয়া হয়েছে এবং ০১টি অভিযোগের বিষয়ে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে তদন্তে অভিযোগের প্রাথমিক সত্যতা থাকায় তদন্ত প্রতিবেদন অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে জানিয়ে দেওয়া হয়।

(৩৮) ১৪-১৮ জুলাই ২০১৯ মেয়াদে জেলাপ্রশাসক সমেলন ২০১৯ অনুষ্ঠানের জন্য মাননীয় প্রধানমন্ত্রী সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। জেলাপ্রশাসক সম্মেলন ২০১৯ সুষ্ঠুভাবে অনুষ্ঠানের জন্য ২৩ এপ্রিল ২০১৯ তারিখে মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ১১টি কমিটি/উপকমিটি গঠন করা হয়।

(৩৯) ২৮ এপ্রিল ২০১৯ তারিখে বিভাগীয় কমিশনার সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের নিমিত্ত ৩০ এপ্রিল ১৯ তারিখে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ ও বিভাগীয় কমিশনারগণের নিকট সভার কার্যবিবরণী প্রেরণ করা হয়।

(৪০) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত জেলাপ্রশাসক সম্মেলন ২০১৮-এ গৃহীত স্বল্পমেয়াদি সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় এপ্রিল ২০১৯ পর্যন্ত ৭০টি স্বল্পমেয়াদি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়।

(৪১) বিভাগীয় কমিশনার এবং মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত মার্চ দ্বিতীয় ও এপ্রিল প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দু'টি সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রী সমীপে উপস্থাপন করা হয়। পাক্ষিক গোপনীয় প্রতিবেদনে উপস্থাপিত এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত প্রস্তাব বাস্তবায়নের জন্য বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগ এবং সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৪২) পরিবেশবান্ধব পাটপণ্য ব্যবহার সংক্রান্ত পত্র সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর প্রেরণ করা হয়।

(৪৩) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় কমিটি এবং জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়ের জন্য জনবল সংযুক্তি প্রদান সংক্রান্ত পত্র জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।

(৪৪) ঐতিহাসিক মুজিবনগর দিবস এবং বাংলা নববর্ষ ১৪২৬ উদ্‌যাপনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৪৫) ৪০তম বিসিএস-এর প্রিলিমিনারি পরীক্ষা পরিচালনার বিষয়ে সহযোগিতা প্রদানের জন্য সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৪৬) পাক্ষিক গোপনীয় প্রতিবেদনে সঠিক তথ্য প্রেরণের জন্য সকল বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৪৭) সরকারি প্রশিক্ষণ ইন্সটিটিউটসমূহের মৌলিক পাঠ্যক্রমে 'গ্রাম আদালত' বিষয়ে অন্তর্ভুক্তি জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৪৮) বান্দরবান জেলায় বন ও পরিবেশ সংরক্ষণ আইন অমান্যকারী ও সহায়তাকারীদের জনস্বার্থে আইনের আওতায় এনে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ এবং পরিবেশের বিপর্যয় বন্ধে সরকারি হস্তক্ষেপ সংক্রান্ত পত্র পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।

(৪৯) বায়োমেট্রিক পদ্ধতিতে হজযাত্রীদের দশ আঙ্গুলের ছাপ গ্রহণ, ছবি ও পাসপোর্ট স্ক্যান কাজে সহযোগিতা প্রদানের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকদের বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৫০) বিনিয়োগ সম্প্রসারণের লক্ষ্যে বিভাগ, জেলা ও উপজেলা প্রশাসনকে সম্পৃক্তকরণের বিষয়ে সকল বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৫১) বিশ্ব টেলিযোগাযোগ ও তথ্য সংঘ দিবস-২০১৯ ও বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর সফল উৎক্ষেপণের বর্ষপূর্তি ও সেবা বিপণন কার্যক্রমের উদ্বোধন উপলক্ষ্যে জেলা পর্যায়ের নির্ধারিত কর্মসূচি অনুযায়ী উদ্‌যাপনের জন্য সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

গ. আগামী (মে-জুন) দুই মাসে সম্পাদ্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) মন্ত্রিসভা-বৈঠক অনুষ্ঠান।

(২) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন-অগ্রগতি পর্যালোচনার জন্য আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠান।

(৩) মন্ত্রিসভা-বৈঠকে গৃহিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন-অগ্রগতি সম্পর্কিত ত্রৈ-মাসিক প্রতিবেদন মন্ত্রিসভা-বৈঠকে উপস্থাপন।

(৪) জুলাই-ডিসেম্বর ২০১৮ পর্যন্ত মেয়াদে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের সিদ্ধান্তসমূহের সূচি প্রণয়ন করা।

(৫) সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা অনুষ্ঠান।

(৬) অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা অনুষ্ঠান।

(৭) জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা অনুষ্ঠান।

(৮) আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৯) মন্ত্রিসভা কমিটি/পরিষদ/কমিশন/অন্যান্য কমিটি গঠন/পুনর্গঠন।

(১০) Social Security Policy Support (SSPS) Programme সংক্রান্ত 2nd Phase প্রকল্প প্রস্তাব প্রণয়ন।

(১১) Technical Support for CRVS System Improvement in Bangladesh Phase-3 সংক্রান্ত প্রকল্প প্রণয়ন।

(১৪) প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(১৫) মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(১৬) নিকার-এর ১১৬তম সভা অনুষ্ঠান।

(মুহাম্মদ আসাদুল হক)
উপসচিব
ফোন: ৯৫৫৭৪৪৯
e-mail: report_sec@cabinet.gov.bd